ঝিনাইদহে শীতার্তদের মাঝে কম্বল বিতরণ

‘মানুষ মানুষের জন্য’ এ স্লোগানে ঝিনাইদহ জেলা পুলিশের উদ্যোগে শীতার্তদের মাঝে কম্বল বিতরণ করা হয়েছে।
মঙ্গলবার সকালে ঝিনাইদহ পুলিশ সুপারের কার্যালয় চত্বরে এ কম্বল বিতরণ করা হয়।
এসময় জেলা প্রশাসক সরোজ কুমার নাথ, পুলিশ সুপার মো: হাসানুজ্জামান (পিপিএম)সহ জেলা পুলিশের উর্দ্ধতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।
এসময় পুলিশ সুপার মো: হাসানুজ্জামান বলেন, আমাদের সামান্য সহযোগিতায় একজন শীতার্ত মানুষ পেতে পারে উঞ্চতার ছোঁয়া। লাঘব হতে পারে অনেকের কষ্ট। তাই অসহায়, দুঃস্থ ও শীতার্ত মানুষের পাশে দাঁড়িয়ে আমাদের মানবতার সেবায় এগিয়ে আসতে হবে। পরে সদর উপজেলার অর্ধশতাধিক দুস্থ: অসহায়দের মাঝে কম্বল বিতরণ করা হয়।
– ঝিনাইদহ প্রতিনিধি

হরিনাকুন্ডুতে বিশেষ অভিযানে দুই মাদক ব্যবসায়ী গ্রেফতার

ঝিনাইদহের হরিনাকুন্ডুতে পুলিশ ও র্যাবের পৃথক অভিযানে ২ মাদক কারবারী আটক হয়েছে।
আটক মাদক কারবারীরা হলো-উপজেলার হরিশপুর গ্রামের রব্বানী মন্ডলের ছেলে বারেক আলী (২৮) ও পার্শ্ববর্তী চুয়াডাঙ্গা জেলার সদর উপজেলার মোহাম্মদ জুমা গ্রামের আলী বক্সের ছেলে রেজাউল ইসলাম (৪৮)।
গতকাল বুধবার সকালে উপজেলা শহরের (লালনশাহ কলেজ) চাতাল মোড় এলাকা থেকে পুলিশ ও র্যাবের পৃথক দুটি টিম তাদেরকে গ্রেফতার করে। এ সময় তাদের কাছ থেকে ২৫০ গ্রাম গাঁজা উদ্ধার করা হয়েছে। হরিনাকুন্ডু থানার ওসি আসাদুজ্জামান জানান, গোপন সংবাদের

ভিত্তিতে বুধবার সকালে তাদেরকে শহরের বৈঠাপাড়া গ্রামের চাতাল মোড় এলাকা থেকে তাদেরকে আটক করা হয়। আটক ব্যক্তিদের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে পুলিশ ও র্যাবের পৃথক দুটি মামলায় কোর্ট হাজতে প্রেরণ করা হয়েছে।

– হরিনাকুন্ডু প্রতিনিধি